# উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণি

স্থান- উপজেলা পরিষদ সভাকক্ষ

শাজাহানপুর, বগুড়া।

০৪ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ/১৯ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ; সকাল ১১.০০টা

সভাপতি ঃ মোঃ সোহরাব হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শাজাহানপুর, বগুড়া।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট-'ক' (সংরক্ষিত রেজিষ্টার)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ি সভা পরিচালনা করার জন্য জনাব আসিফ আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়াকে আহবান জানান। উপজেলা নির্বাহী অফিসার সভাপতিকে ধন্যবাদ এবং উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ি আলোচনা করেন এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয় ঃ

**আলোচ্যসূচি-০১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ**

উপজেলা নির্বাহী অফিসার সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অতঃপর কোন সংশোধণী না থাকায় তা সর্বসম্মতক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

| ক্র.ন. | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারি |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা প্রকৌশলী | উপজেলা প্রকৌশলী সভায় অবহিত করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের এডিপির ২য় কিস্তির অর্থ বরাদ্দ পাওয়া গেছে। তিনি দ্রুত ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের এডিপি ও রাজস্ব উন্নয়ন (উদ্বৃত্ত) তহবিলের অর্থ দ্বারা অগ্রাধিকারমূলক ও জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য উপস্থিত সকলের দৃষ্টি অকর্ষণ করেন। | ২০২১-২০২২ অর্থ বছরে নিয়মিত এডিপি ও রাজস্ব উন্নয়ন (উদ্বৃত্ত) তহবিলের অর্থ দ্বারা উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচীর খাতওয়ারি বিভাজনের আলোকে অর্থ বিভাজন করতে হবে এবং প্রকল্প দাখিল করতে হবে। | উপজেলা প্রকৌশলী শাজাহানপুর বগুড়া। |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা জানান, এ উপজেলার প্রান্তিক পর্যায়ে জনসাধারণের স্বাস্থ্য সেবা ও পরিবার পরিকল্পনা ও পুষ্টি সেবা নিশ্চিতকরণে স্বাস্থ্য বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। উপজেলা পরিষদের এডিপির অর্থায়নে প্রতি বছরের ন্যায় চলতি অর্থ বছরে জনগুরুত্বপূর্ণ প্রকল্প হিসেবে স্বাস্থ্য কেন্দ্রে জলাতঙ্ক রোগের ভ্যাকসিন সরবরাহের জন্য সভায় অনুরোধ জানান। | স্বাস্থ্য সেবার মান উন্নয়নে চিকিৎসকদের আন্তরিকতার সাথে কাজ করতে হবে। গ্রামীন মানুষেরা যাতে সুচিকিৎসা পায় তা নিশ্চিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা। |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা অবহিত করেন যে, ২০২১-২০২২ সালের রবি মৌসুমে উন্নতমানের বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের প্রদর্শণী স্থাপন করা হয়েছে এবং কৃষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তৎসহ বিনামূল্যে সরকারিভাবে সার বীজ সরবরাহ দেওয়া হয়েছে। ২০২১-২০২২ সালের খরিপ-১ মৌসুমে কৃষকের জমিতে শীতকালীন শাকসবজীর আবাদ রয়েছে। বর্তমানে ফসলের অবস্থা ভালো। রাসাইনিক সার ও জ্বালানি তেলের সংকট নেই। | ১। শীতকালীন শাকসজী চাষে কৃষকদের উদ্বুদ্ধকরণ ও ফসলের রোগ বালাই রোধে সচেতনতা বৃদ্ধি করতে হবে।<br>২। চলতি মৌসুমে সার বীজ সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি অফিসার |
| ০৫ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার জানান, তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলছে। এখন শীত কাল চলছে। শীত কালে গবাদী পশু ও হাঁস মুরগির বিভিন্ন রোগের প্রাদুর্ভাব দেখা যায়। শীতের সময় আমাদের দেশে অতিথী পাখির আগমন ঘটে এবং বার্ড-ফ্লুর মত মারাত্মক রোগের জীবাণু বহণ করে। অতিথী পাখিরা যাতে আমাদের দেশের হাঁস মুরগির সাথে না মিশতে | শীতকাল উপলক্ষে হাঁস-মুরগি ও গবাদি পশুর রোগ ব্যধি নিরসনে উপজেলা প্রাণিসম্পদ বিভাগকে আরও সতর্ক থাকতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পারে এবং বার্ড-ফ্লু রোগ না ছাড়াতে পারে। সে ব্যপারে সতর্ক থাকতে হবে। ব্যবস্থাপনা ও জীব নিরাপত্তার উন্নত করতে হবে। মুরগির সেড রাতে পাতলা চট দিয়ে ঢেকে দিতে হবে। হাঁস মুরগির ডাকপ্লেগ, রানীক্ষেত, কলেরা, গামব্রো ও বসন্ত টিকা দিতে হবে। তিনি আরও জানান, ছাগলের পিপিআর রোগের সংক্রামন বেশী ঘটে। তাই ছাগলকে পিপিআর টিকা দিতে হবে। গবাদি পশুকে তরকা, ক্ষুরা, বাদলা টিকা দিতে হবে। সভায় জনপ্রতিনিধিদের এসব বিষয়ে জনসচেতনতা বাড়ানোর জন্য অনুরোধ জানান। | | |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, এ বছর "মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২১" গত ০৪ অক্টোবর ২০২১ হতে ২৫ অক্টোবর ২০২১ পর্যন্ত মোট ২২ দিন সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ ছিল। সে অনুযায়ি এ উপজেলায় সকলের সার্বিক সহযোগীতায় ইলিশ পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় নিষিদ্ধ কর্মসূচি সফলভাবে পালিত হয়েছে। তিনি আরও জানান, তার দপ্তর হতে নিয়মিত মৎস্য খামারীদের মৎস্য চাষ সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান অব্যহত রয়েছে এবং মৎস্য চাষীদের মাছের রোগ ব্যধি নিরসন বিষয়ক পরামর্শ প্রদান করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | শীত মৌসুমে মাছের রোগ ব্যধি নিরসনে মৎস্য বিভাগকে সচেতন থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার |
| ০৭ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান, শাজাহানপুর উপজেলায় আগামি ০১ জানুয়ারি ২০২২ তারিখে সারাদেশে ন্যায় সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে আনন্দঘন পরিবেশে সরকার কর্তৃক প্রদত্ত বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হবে। পাঠ্যপুস্তক উৎসব সফলভাবে উদ্‌যাপনে জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও জনপ্রতিনিধিদের সহযোগীতা কামনা করেন। | আগামি ০১ জানুয়ারি ২০২২ পাঠ্যপুস্তক দিবস উদ্‌যাপন ও শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বই বিতরণ নিশ্চিত করতে হবে। | ০১। উপজেলা শিক্ষা অফিসার<br>০২। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, তার দপ্তরের কার্যক্রম যতারীতি চলছে। গত ১৪ নভেম্বর এসএসসি, দাখিল পরীক্ষা ২০২১ এবং ০২ ডিসেম্বর ২০২১ তারিখ হতে এইচএসসি, দাখিল ও সমমানের পাবলিক পরীক্ষা শুরু হয়ে ইতোমধ্যেই সুসম্পন্ন হয়েছে। কোভিড-১৯ এর কারণে এ বছর স্বাস্থ্যবিধি মেনে সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা সম্পন্ন হয়েছে। সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগীতার জন্য তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরও জানান, আগামি ০১ জানুয়ারি ২০২২ শিক্ষাবর্ষে সারাদেশে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের হাতে বিনামূল্যে নতুন বই তুলে দেওয়া হবে। সারাদেশের ন্যায় এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে এ অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও জনপ্রতিনিধিদের সহযোগীতা কামনা করেন। | আগামি ০১ জানুয়ারি ২০২২ তারিখে এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠনের সকল শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেয়ার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>০২। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান, তার দপ্তরের আওতায় আরএসএস সুদমূক্ত ক্ষুদ্রঋণ, এসিডদগ্ধ প্রতিবন্ধী ঋণ ও আশ্রায়ন প্রকল্পের ঋণ কার্যক্রম চলমান রয়েছে। সক্রিয় সেচ্ছাসেবী প্রতিষ্ঠান, এতিমখানা, রোগী কল্যাণ সমিতি কার্যক্রম, দুরারোগ্য ব্যধীতে আক্রান্ত (ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস,স্ট্রোকে প্যারালাইসড ও জন্মগত হৃদরোগে) রোগীদের আর্থিক সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। | বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীসহ সকল সেবা গ্রহীতা যেন নির্বিঘ্নে সেবা গ্রহণ করতে পারে, তা নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, এ উপজেলার প্রান্তিক পর্যায়ে মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিতকরণে তার দপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গত ১৮-২৩ ডিসেম্বর ২০২১ তারিখে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ যথাযথভাবে অনুষ্ঠিত হয়েছে। তিনি তার বিভাগের বিভাগীয় কার্যক্রম সভায় তুলে ধরেন। পরিবার পরিকল্পনা গ্রহণকারি মোট সক্ষম দম্পতি- ৮১,২৪৮,মোট গ্রহণকারি-৬৭,১৮৮, গ্রহণকারির হার ৮২.৬৯%। | পরিবার পরিকল্পনা বিভাগের মানসম্মত সেবা নিশ্চিতকরণে এ বিভাগকে সচেতন থাকতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১১ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার জানান, শাজাহানপুর উপজেলাধীন ১৩২টি সমবায় সমিতি আছে। তন্মধ্যে ১১০টি এবং পাউবোভুক্ত কেন্দ্রীয় সমিতি ১টি ও প্রাথমিক ২১টি। লক্ষ্যমাত্রা অনুযায়ি ডিসেম্বর ২০২১ মাসে ৮২টি প্রাথমিক সমবায় সমিতি লিঃ এর অডিট কার্য সম্পন্ন হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে ৬৯টি সমিতির অডিট নোটের ভিত্তিতে ১০% হিসেবে অডিট ফি ১৩২৮০/- এবং ৩% হিসেবে সিডিএফ ৩৯৭৩/- টাকা যা ট্রেজারি চালানের মাধ্যমে এবং ডিডির মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। একটি আশ্রায়ন প্রকল্প (ফেজ-২) প্রকল্প আছে, যা ডোমনপুকুর আশ্রায়ন প্রকল্প (ফেজ-২) নামে পরিচিত। উক্ত প্রকল্পে ৩২ জন সদস্যকে ৪,৫০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত ঋণের আসল আদায় ২৫,১১,৪৩৭/- টাকা সার্ভিস চার্জ আদায় ২,০০৯৯৮/- টাকা। তিনি আরও জানান, বাংলাদেশ সমবায় একাডেমী কোর্ট বাড়ি, কুমিল্লায় ০৩ জন প্রশিক্ষনার্থী ইলেকট্রনিক্স ট্রেড্রে প্রশিক্ষণ গ্রহণ করে এবং তাদের মধ্যে একজন ২য় স্থান অধিকার করে। এছাড়াও আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নওগাঁয় ০৬ জন প্রশিক্ষনার্থী বিভিন্ন ট্রেড্রে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | সফলভাবে পরিচালনার জন্য সমবায় সমিতিগুলো সচল রাখতে হবে। ঋণ বিতরণ ও আদায়ের হার বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ২০২১-২০২২ ভিজিডি চক্রের উপকারভোগীদের ডিসেম্বর ২০২১ মাসের খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা নির্বাহী অফিসার, ভিজিডি ভিজিএফসহ সকল খাদ্য কর্মসূচীর চাল বিতরণের সময় উপজেলায় দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার অনুরোধ জানান। এ সংক্রান্ত কোন অনিয়ম লক্ষ্য করা হলে তদারকি কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে তিনি সভায় অবহিত করেন। | ভিজিডি, ভিজিএফসহ সকল খাদ্য কর্মসূচীর উপকারভোগীদের চাল বিতরণের সময় ট্যাগ অফিসারগণ উপস্থিত থেকে বিতরণ কার্যক্রম তদরকি করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে ২৬টি করে মোট ২৩৪টি বরাদ্দকৃত নলকূপের বিভাজন সম্পর্কে আলোচনা করেন এবং নলকূপ বিভাজন নীতিমালা অনুযায়ী "ওয়াটসান কমিটি" কর্তৃক অগ্রাধিকার তালিকা প্রেরনের জন্য ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় বরাদ্দকৃত নলকূপ সরকারি নীতিমালার আলোকে ইউনিয়ন ওয়াটসান কমিটি ও উপজেলা ওয়াটসান কমিটির সুপারিশ মোতাবেক বিভাজনের সিদ্ধান্ত গৃহিত হলো। | ১। উপসহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)। |

**১৪। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ছক মোতাবেক ব্যয়িত অর্থ সভায় অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করা হয়ঃ**

| ক্র.ন. | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মাস্টাররোলে নিয়োজিত ০১ জন মালির নভেম্বর ২০২১ মাসের মজুরি বাবদ | ১৪,৩০০/- | |
| ০২ | মাস্টাররোলে নিয়োজিত ০১ জন পরিচ্ছন্ন কর্মীর নভেম্বর ২০২১ মাসের মজুরি বাবদ | ১৩,৩০০/- | |
| ০৩ | উপজেলা পরিষদের জুন ২০২১ হতে অক্টোবর ২০২১ মাস পর্যন্ত বকেয়া বিদ্যুৎ বিল বাবদ | ২,৭২,৫৭১/- | |
| ০৪ | উপজেলা পরিষদের টিনসেট ভবন মেরমতের বিল বাবদ | ১৫,৬৯৪/- | |
| ০৫ | উপজেলা পরিষদের নন গেজেটেড কোয়ার্টারের স্যানিটারি ও ইলেকট্রিক লাইন মেরামতের বিল বাবদ | ২৬,২৪০/- | |
| ০৬ | উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামতের চাঁদনী বাজার পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির বিল বাবদ | ৪,৬০০/- | |
| ০৭ | যুব দিবস ২০২১ উদযাপন বিল বাবদ | ৩০,০০০/- | |

সিদ্ধান্ত : বিস্তারিত পর্যালোচনান্তে উপর্যুক্ত ব্যয়সমূহ সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/০২/২২

মোঃ সোহরাব হোসেন
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাজাহানপুর, বগুড়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাজাহানপুর, বগুড়া।

স্মারক নং-০৫.৫০.১০৮৫.০০০.১৪.০০৩.২০- ১০০৩ (৩৫)

তারিখ ঃ ১৯ পৌষ ১৪২৮ ব. / ১৯ ডিসেম্বর ২০২১ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৪২-বগুড়া-৭
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৪। জেলা প্রশাসক, বগুড়া
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বগুড়া
০৭। উপজেলা প্রকৌশলী, শাজাহানপুর, বগুড়া
০৮। ..........................................................................
০৯। অফিস নথি।

আসিফ আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া
ফোন ঃ ০২৫৮৯৯১২১০ (অফিস)